

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.৪১৯(৭)

তারিখঃ ২৯/০৫/২০১৮ খ্রিঃ

বিষয় : রেল, সড়ক ও নৌ পথে ২৫,৩৫০ মেণ্টন গমের চলাচল সূচি।

ঢাকা, সিলেট এবং চট্টগ্রাম বিভাগের বিভিন্ন এলএসডি'র ইপি, ওপি, সেনা খাত সহ বিভিন্ন খাতের চাহিদার প্রেক্ষিতে বর্তমান মজুত এবং জাহাজ খালাসের স্বার্থে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ২৫,৩৫০ মেণ্টন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, নাঃগঞ্জ, চট্টগ্রাম এবং আশুগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে, উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহণ, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।
- ৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি স্ব স্ব তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ১০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আত্মহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/সিলেট।
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ সাইলো।
৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, (খাদ্য), চট্টগ্রাম।

(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.৪১৯/৭(৩০)

তারিখঃ ২৯/০৫/২০১৮ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক পরিবহণ, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি।

(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক (চপ/রেল)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

